

ভোবের কুগল

NOV. 21 2000

তারিখ
পৃষ্ঠা

281

ফরিদগঞ্জ কলেজের ২২৫ পরীক্ষার্থীর বিরুদ্ধে জননিরাপত্তা আইনে মামলা

ফারুক আহম্মদ চাঁদপুর থেকে : জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ডিগ্রি পরীক্ষার প্রথম দিন গত শনিবার ফরিদগঞ্জ ডিগ্রি কলেজে দাঙ্গা-হাঙ্গামাসহ ব্যাপক ভাঙচুর করায় কলেজ কর্তৃপক্ষ সংশ্লিষ্ট থানায় জননিরাপত্তা আইনে ২২৫ জন পরীক্ষার্থীর বিরুদ্ধে মামলা দায়ের করেছে। এদের মধ্যে ঘটনার সময় গ্রেপ্তার হওয়া এক বহিরাগত এবং তিন পরীক্ষার্থীও রয়েছে। এদের গত রোববার আদালতে হাজির করা হলে ম্যাজিস্ট্রেট তাদের জেলা হাজতে পাঠানোর নির্দেশ দেন। রোববার রাতে জেলা প্রশাসকের বাংলোয় অনুষ্ঠিত এক সভায় জেলা প্রশাসক রেজাউল করিম কেন্দ্র বাতিলসহ দায়ী পরীক্ষার্থীদের বিরুদ্ধে প্রয়োজনীয় শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে বলে হুঁশিয়ার করে দেন।

জানা যায়, ঐ দিন ইংরেজি পরীক্ষায় নকল করার সুবিধা না পাওয়ায় বহিরাগতদের সহযোগিতায় পরীক্ষার্থীরা কলেজে দাঙ্গা-হাঙ্গামা সৃষ্টি ও ব্যাপক ভাঙচুর করে। রোববার কলেজে গিয়ে দেখা যায়, তিনটি কক্ষের কোনো আসবাবপত্র অক্ষত নেই। এছাড়া বিভিন্ন কক্ষের দরজা-জানালা ভাঙা। সবচেয়ে বেশি ক্ষতি হয়েছে সেমিপাকা বিজ্ঞান ভবনের। ঘটনার ব্যাপারে কেউ মুখ খুলছে না, এমনকি কলেজ কর্তৃপক্ষও।

এদিকে মামলা হওয়ায় প্রায় অর্ধেক পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিতে পারবে না বলে আশঙ্কা করা হচ্ছে। এ নিয়ে এলাকায় বেশ উত্তেজনা বিরাজ করছে।

একটি সূত্র জানায়, প্রথম দিন পরীক্ষার শেষ মুহূর্তে কলেজে এসেছিলেন গভর্নিং বডির সভাপতি লে. কর্নেল (অব.) আবু ওসমান চৌধুরী। কিন্তু বিক্ষুব্ধ পরীক্ষার্থীদের রোষানলে পড়ে তিনি দ্রুত সরে পড়েন।